

“চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পে ২৩/১১/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০৯ নং ইউনিয়ন এ অনুষ্ঠিত PRA সেশনের প্রতিবেদন

প্রকল্পের নাম	ঃ “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন : সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্প
PRA সেশন অনুষ্ঠিত হওয়ার তারিখ, সময় ও স্থান	ঃ ২৩/১১/২০১৭ তারিখে মীরসরাই উপজেলার ০৯ নং ইউনিয়ন এ সকাল ১০.৩০ ঘটিকায় ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে PRA সেশন অনুষ্ঠিত হয়।
উপস্থিতির তালিকা	ঃ PRA সেশন এ উপস্থিতির তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত করা হলো।
আলোচনা	ঃ “চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়নঃ সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনাকে ভূমি ব্যবহারের মাধ্যমে সম্পৃক্তকরণ” শীর্ষক প্রকল্পের প্যানার প্রকল্পের সার্বিক বিষয়াদি সম্পর্কে ধারণা প্রদান করেন। আলোচনার শুরুতে তিনি আনুষ্ঠানিক পরিচয়পর্ব পরিচালনা করেন। এরপর তিনি নগর উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম এবং মীরসরাই উপজেলার জন্য চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে উপস্থিত জনগণকে অবহিত করেন। পরে তিনি মীরসরাই উপজেলায় নির্মাণাধীন দেশের সর্ববৃহৎ অর্থনৈতিক অঞ্চল বিষয়ে আলোচনা করেন। তিনি উপজেলায় অর্থনৈতিক অঞ্চলের প্রভাব সম্পর্কে তুলে ধরেন। তিনি উল্লেখ করেন যে ঢাকার সাথে উন্নত যোগাযোগ ব্যবস্থা ও অর্থনৈতিক অঞ্চলের ফলে জনসংখ্যা বৃদ্ধিসহ সম্ভাব্য সৃষ্ট অন্যান্য সমস্যা মোকাবেলায় মিরসরাই উপজেলার জন্য যথাযথ পরিকল্পনার প্রয়োজন। আর পরিকল্পনার জন্য মীরসরাই অধিবাসীদের সহযোগিতার প্রয়োজন। তিনি উপস্থিত সদস্যদের তাদের স্ব-স্ব এলাকার সমস্যাগুলো উপস্থাপন করার অনুরোধ করেন। পিআরএ সেশনে উপস্থিত সদস্যরা পাহাড়ি ঢলের কারণে আসা পানি সঠিকভাবে নিষ্কাশিত না হওয়ার ফলে জলাবদ্ধতা হয়ে থাকে বলে জানান। এই জলাবদ্ধতার পাশাপাশি ক্ষতিগ্রস্ত সড়ককে তারা ইউনিয়ন এর মূল সমস্যা হিসেবে আখ্যায়িত করেন। বৃষ্টি হলে প্রায় সময় এলাকায় ৫ ফুট পর্যন্ত পানি জমে যায় বলে তারা জানান। প্রায় ৩ ঘণ্টা পানি জমে থাকে। ইউনিয়ন এ কোন উন্নত হাসপাতাল নেই বলে এলাকাবাসী উল্লেখ করেন। তারা বলেন নিকটস্থ স্বাস্থ্য কমপ্লেক্স তাদের ইউনিয়ন থেকে অনেক দূরে অবস্থিত হওয়ায় সবার পক্ষে সবসময় সেখানে চিকিৎসা নিতে যাওয়া সম্ভব হয় না। এছাড়া বিদ্যমান স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা সুবিধা খুব অপ্রতুল। এলাকাবাসী জানান প্রায় প্রতি বছরই ইউনিয়ন পাহাড় ধসের ঘটনা ঘটে। সবশেষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয় তার নিজ ইউনিয়ন এর সমস্যা সম্পর্কে আলোকপাত করেন। এসময় তিনি ৯নং ইউনিয়ন এ অনেক উপজাতির বসবাস বলে উল্লেখ করে তাদের জন্য সকল নাগরিক সুবিধাসহ আলাদা আবাসনের প্রয়োজন বলে জানান। এরপর মহামায়া লেক ও তার আশেপাশের এলাকাকে আদর্শ পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে এলাকাবাসীর মতামত নেয়া হয়। মহামায়া লেকের মূল সীমানা ০৯ নং ইউনিয়ন এর অন্তর্গত বলে এলাকাবাসী অভিমত ব্যক্ত করেন। স্থানীয় জনগণ বিদ্যমান মহামায়া লেকের নানা সমস্যা তুলে ধরেন এবং পাশাপাশি লেককে ঘিরে পর্যটন কেন্দ্র গড়ে তোলার ক্ষেত্রে বিভিন্ন প্রস্তাবনা প্রদান করেন। রোপওয়ে, বুলবুল ব্রিজ, মিনি চিড়িয়াখানা, কটেজ নির্মাণ, সংযোগ সড়ক নির্মাণ, শৌচাগার সুবিধা, বিশ্রামের স্থানসহ বিভিন্ন সুবিধা প্রয়োজন বলে জানান। চেয়ারম্যান মহোদয় জানান তিনি উদ্যোগী হয়ে ০৯ নং ইউনিয়ন এ একটি ৪ তলা বিশিষ্ট গণশৌচাগার নির্মাণের জন্য নকশা প্রস্তুত করেছিলেন যা পরবর্তীতে আইনী বাধ্যবাধকতার জন্য নির্মাণ করা সম্ভব হয়নি। এছাড়া, পর্যাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের অভাব, ক্রমাগত কৃষি ভূমি হ্রাস ইত্যাদি নানা সমস্যার কথা তুলে ধরেন এলাকাবাসী। পিআরএ সেশনে সমস্যাবলী বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়-
প্রাপ্ত সমস্যাসমূহ	ঃ ১। পাহাড়ী ঢলে জলাবদ্ধতা ২। আধুনিক হাসপাতাল নেই ৩। অপ্রসস্থ ও ক্ষতিগ্রস্ত সড়ক ৪। সুনির্দিষ্ট খেলার মাঠ নেই ৫। আশেপাশের ইউনিয়ন সমূহের সাথে সংযোগ সড়কের অভাব ৬। বিশুদ্ধ পানির সমস্যা ৭। পাহাড়ী ঢলে কৃষি জমিতে বালু জমে ফসলী জমির ক্ষতি ৮। কৃষির উৎপাদন কমে যাচ্ছে ৯। হাট বাজারের অভাব ১০। পর্যাপ্ত প্রাথমিক বিদ্যালয় নেই ১১। বর্জ্য ব্যবস্থাপনার অভাব ১২। প্রাথমিক বিদ্যালয়ের অভাব ১৩। পাহাড় ধস

পিআরএ সেশনে উল্লেখিত প্রতিটি সমস্যার সমাধানের বিষয়েও আলোচনা করা হয়, সমস্যাগুলোর সমাধান নিয়ে আলোচনা করা হয়। উপস্থিত সদস্যদের ইউনিয়ন এ প্রয়োজনীয় সুবিধাসমূহের সম্ভাব্য অবস্থান সরবরাহকৃত মানচিত্রে প্রদর্শন করার জন্য অনুরোধ জানানো হয়। প্রাথমিক বিদ্যালয়, হাসপাতাল, বাজার ইত্যাদি স্থাপনের সম্ভাব্য জায়গা উপস্থিত সদস্যগণ সংশ্লিষ্ট মানচিত্রে একে দেখান।